



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st. Term: Answer Worksheet - 2



Class: 4

Subject: Bengali Text (প্রার্থনা)

Date : 3/7/2020

১। কবি সর্বশক্তিমান বলতে কী বোঝাতে চেয়েছেন ?

উ: ঈশ্বর এই পৃথিবী সৃষ্টি করেছেন। মানুষ, পশু, পাখি, গাছপালা, নদী, ঝরণা সব সৃষ্টি করেছেন। তাঁর সৃষ্টি সব জীবকে তিনি বাঁচিয়ে রেখেছেন। বিপদে তিনি তাদের রক্ষা করেন। আবার ইচ্ছা করলে তাঁর সৃষ্টিকে ধংস করতে পারেন। তাই কবি ঈশ্বরকে সর্বশক্তিমান বলেছেন।

২। কবি প্রিয়ম্বদা দেবী তার জীবনকে কিভাবে গড়তে চেয়েছেন ?

উ: কবি তার জীবনকে ফুলের মতো সুন্দর করে গড়তে চেয়েছেন। ফুল যেমন সুন্দর করে ফোটে। সুগন্ধ দিয়ে অন্যকে আনন্দ দেয়। কবিও তেমনি তার জীবনকে দীন দুঃখীর সেবায় নিয়োজিত করে তাদের পাশে থেকে, তাদের আনন্দ দিয়ে নিজের জীবনকে সার্থক করতে চেয়েছেন। এইভাবে কবি তার নিজের জীবনকে গড়তে চেয়েছেন।

৩। অন্ধের যষ্ঠীর মতো কবি কেন হতে চেয়েছেন ?

উ: যারা দুই চোখে দেখতে পায় না তাদের অন্ধ বলে। তারা একা কোনো কাজ বা হাঁটা চলা করতে পারে না, তারা লাঠি নিয়ে চলাফেরা করে। তাই কবি চেয়েছেন তিনি যেন দুঃখী মানুষদের সেবা যত্ন করতে পারেন। তাদের জীবনের সব কাজে তিনি সাহায্য করতে চান। সেইসব মানুষদের জন্য অন্ধের যষ্ঠীর মতো হতে চেয়েছেন।

৪। দুঃখী ও অনাথের সেবায় কবি কিভাবে নিজেকে নিয়োজিত করতে চেয়েছেন ?

উ: দুঃখী ও অনাথেরা খুবই অসহায়। পৃথিবীতে সবাই নিজেদের স্বার্থে নিজেদের নিয়ে ব্যস্ত থাকেন। দুঃখী ও অনাথের সমব্যথী কেউ হয় না। তাই কবি নিজের সর্বস্ব দিয়ে প্রাণপনে দুঃখী ও অনাথের সেবায় নিজেকে নিয়োজিত করতে চেয়েছেন। এই কবিতায় কবি নিজের স্বার্থ চিন্তা

না করে দুঃখীর প্রতি তার দায়িত্ব পালনের কথা বলেছেন ।

Manashi Chaudhuri